# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৮৪৪(গ) তারিখ ঃ ১০/০৬/২০২০

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৬/০৬/২০২০ ইং তারিখ রোজঃ মঙ্গলবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। ঘূর্নিঝড় আম্পান এ ক্ষতিগ্রস্থ দুস্থনারীদের বাড়ী ঘর নির্মান/ মেরামত করন প্রসঙ্গে।
৩। করোনা ভাইরাস কালীন সময়ে শিশুদের মানসিক বিকাশে বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।
৪। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

......................................................

......................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

**নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৬/০৬/২০২০ ইং
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্‌সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ ঘূর্নিঝড় আম্পান এ ক্ষতিগ্রস্থ দুস্থনারীদের বাড়ী ঘর নির্মান/ মেরামত করন প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি আলোচনা কালে বলেন, করোনা ভাইরাসের দুর্যোগ চলাকালীন সময়ে বাংলাদেশের উপর দিয়ে আম্পান নামে একটি ঘূর্নিঝড় অতিক্রম করেছে। তার প্রভাবে জয়পুরহাট এ ঝড় বৃষ্টির ফলে অনেক মানুষের ঘর বাড়ীর ব্যাপক ক্ষতি হয়েছে। আমার জানা মতে পৌরসভার মাধ্যমে এসব ক্ষতিগ্রস্থ মানুষের তালিকা প্রস্তুত করা হয়েছে। এসব ক্ষতিগ্রস্থ তালিকার মধ্যে অনেক অসহায় দুস্থনারী রয়েছে, তাদের কে পৌরসভার মাধ্যমে ঘর নির্মান বা মেরামত করে দেওয়ার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন। আলোচনা কালে এ কমিটির সদস্য জনাব মিসেস রোজী বেগম সভাপতির সাথে একমত পোষন করে বলেন, আমার নির্বাচনী এলাকার অনেকে অসহায় দুস্থ নারী আমার কাছে এসেছিলেন, ঘূর্ণিঝড়ে তাদের ঘরের টিন উড়ে নষ্ট হয়ে গেছে। আবার কারো কাঁচা ঘর ভেঙ্গে গেছে ও টিন উড়ে গেছে। যদিও সরকারী ভাবে ক্ষতিগ্রস্থ হিসেবে তালিকা করা হয়েছে। সরকারী সহায়তা হিসেবে অনেকে শুধু ঢেউটিন বরাদ্দ পেয়েছেন। তাই যাদের ঘর ভেঙ্গে গেছে তাদের পৌরসভা হতে ঘর নির্মাণ করে দিয়ে সরকারী বরাদ্দ ঢেউটিন লাগানোর ব্যবস্থা করতে হবে।বিষয়টি নিয়ে উপস্থিত সদস্য তাদের নিজ নিজ মতামত ব্যক্ত করে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্তঃ অসহায় ও দুস্থ নারীদের মধ্যে যারা সরকারী ত্রান হিসেবে ঢেউটির পেয়েছেন তাদের কে ঘর মেরামত করা সহ ঢেউটিন লাগানোর ব্যবস্থা এবং যারা কোন সহায়তা পায়নি টিনসহ ঘর মেরামত করে দেওয়ার ব্যবস্থা করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গ্রহন করেন।

**৩নং আলোচ্য বিষয় ঃ করোনা ভাইরাস কালীন সময়ে শিশুদের মানসিক বিকাশে বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, বর্তমানে সারা পৃথিবীর ন্যায় আমাদের দেশেও করোনা ভাইরাস নামক এক মহামারী বিরাজ করছে। এই মহামারীর ফলে দীর্ঘদিন শিশুদের স্কুল বন্ধ আছে, তাছাড়া তারা বাহিরে বের হতে পারছেনা।তাই এ সময়ে তারা যেন মানসিকভাবে বিপর্যস্ত না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।

আলোচ্য বিষয়ে মোঃ সাহেদুল আহসান (সোহেল), কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন- আমাদের সন্তানদের অনুভূতি আমাদেরই বুঝতে হবে। এই মহামারী পরিস্থিতিতে তারা মানসিকভাবে কতটুকু বিপর্যস্ত তা

নিয়ে তাদের সাথে আলোচনা করতে হবে। তাদের কে প্রশ্ন করার সুযোগ দিতে হবে। শিশুদের বাড়ীর ভিতরে খেলাধুলার ব্যবস্থা করে তাদের মনকে প্রফুল্ল রাখতে হবে।

আলোচনা কালে মিসেস রোজী বেগম, কাউন্সিলর.সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, সমাজের সুবিধা বঞ্চিত মানুষের কথা চিন্তা করা এবং সাধ্যমত ত্রান সহায়তা দেওয়ার ব্যবস্থা শিশুদের সঙ্গে নিয়ে করার মাধ্যমে তাদের মানসিক উন্নতি ঘটানো যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** করোনা কালীন সমায়ে শিশুদের যত্ন নেওয়ার ক্ষেত্রে কিকি বিষয়ে পরিবারের সদস্যদের সচেতন থাকতে হবে, সে বিষয়ে একটি নির্দেশনা প্রস্তুত করে পৌরসভার মাধ্যমে প্রচারনা চালানোর বিষয়ে সিদ্ধান্ত গ্রহন কর হলো।

**আলোচ্য সূচী-৪। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা ঃ**

**আলোচনাঃ-** কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান সভায় বলেন, প্রকল্পের নির্দেশনা মোতাবেক GAP বাস্তবায়ন করে পৌর এলাকার নারীদের কর্মসংস্থানের পথ সৃষ্টি করা এবং নারী বান্ধব অবকাঠামো নির্মাণ সহ নারীদের সামাজের সকল কাজে অন্তর্ভূক্ত করা। আলোচনা কালে কমিটির সভাপতি মহোদয় জানান যে করোনা ভাইরাসের কারনে GAP বাস্তবায়ন করা কঠিন হয়ে পড়েছে, তারপরও স্বাস্থ্য বিধি মেনে চেষ্ঠা করা হয়েছে GAP বাস্তবায়ন করা। যেমন-দরিদ্র মহিলাদের মাঝে সাবান ও মাক্স বিতরন, দরিদ্র মহিলাদের চিকিৎসা সহায়তা, নগদ আর্থিক সহায়তা সহ দরিদ্র ছাত্রীদের লেখাপড়ার জন্য বই বিতরণ করা হচ্ছে এবং পৌরসভা কর্তৃক গঠিত বিভিন্ন কমিটিতে সমাজের বিভিন্ন শ্রেণীর নারীদের অন্তর্ভূক্ত করা হয়েছে। ভবিষ্যতে পৌর এলাকার নারীদের উন্নয়নে আরো কার্যকর ব্যবস্থা গ্রহন করা হবে। বিষয়টি নিয়ে সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** GAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা কর্তৃক ব্যয়কৃত টাকা প্রকল্পের নির্ধারিত ফরমে যথাযথভাবে পূরণ করে (এপ্রিল-জুন/২০২০) কোয়াটারের প্রতিবেদন প্রকল্প অফিসে যথা সময়ে প্রেরণ এর সিদ্ধান্ত গ্রহণ কর হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/ ৮৫৮ (ধ) তারিখ ঃ ২৬/০৬/2020

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা ............................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৬/০৬/২০২০ ইং।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |